

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
বদরগঞ্জ, রংপুর।

২০২২-২০২৩ অর্থ বছরে তথ্য অধিকার রিষয়ে সচেতনতা বিষয়ক ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : ডাঃ মোঃ আজমল হুদা তপন

সভার তারিখ : ০৮/০৯/২০২২

সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, বদরগঞ্জ, রংপুর এর প্রশিক্ষণ কক্ষ

সময় : দুপুর ২.০০ ঘটিকা

সভার উপস্থিতি পরিশিষ্ট- ক দ্রষ্টব্য।

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচয়পর্ব শেষে অংশীজনদের সাথে সভা করার উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি বলেন তথ্য অধিকার আইন-২০০৯ একটি বিশেষ সরকারী আইন। আইনটির বিষয়ে ধারণা দেওয়ার জন্য আজকের এই সচেতনতা সভার আয়োজন করা হয়েছে।

সভাপতি, তথ্য প্রদানকারী কর্মকর্তা জনাব ডাঃ মোঃ আজমল হুদা তপন, বিস্তারিত আলোচনার জন্য আহবান জানান। অতঃপর বর্ণিত কর্মকর্তা, তথ্য অধিকার আইন-২০০৯ এর বিষয়ে তথ্য কমিশন যে যে নির্দেশনা প্রদান করেছেন সেগুলো তুলে ধরেন।

সভায়, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা (এলডিডিপি) ডাঃ সুমিত্রা রায় জানান যে, বর্তমান সরকার অফিস পরিচালনার ক্ষেত্রে ব্যয়ত্যা আনার জন্য অনেক উদ্যোগ গ্রহণ করেছে যেমন এপিএ, ওদ্রাচার, ই গভর্নেন্স, ইনোভেশন, তথ্য অধিকার আইন-২০০৯ ইত্যাদি। বাৎসরিক ভাবে এই সমস্ত কার্যক্রম এর মূল্যায়ন করা হয় বিষয় এসব কার্যক্রমের গুরুত্ব অনেক বেশি।

সভায়, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (কৃষি প্রজনন) জনাব মোঃ সোহেল রানা, জানান যে, তথ্য অধিকার আইনের সকল প্রকাশযোগ্য তথ্য ওয়েবসাইটে দেয়া থাকে। আপনারা ওয়েবসাইট থেকে প্রয়োজনীয় তথ্য নিতে পারেন। এতে সময় ও অর্থ সাশ্রয় হবে।

সভায়, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রাণিস্বাস্থ্য) জনাব মোঃ আব্দুল কাদের বলেন, আপনার বন্ধু বান্ধব, অফিস কলিগ, আত্মীয়-স্বজনকে বিষয়টি সম্পর্কে অবহিত করবেন, তাহলে তারা উপকৃত হবে।

সভায় অংশগ্রহণকারী খামারী জনাব মোঃ ফরহাদ হোসেন, জানান, এই বিষয়ে আইন হয়েছে সেটা জানতাম, কিন্তু এসব তথ্য চাওয়া যাবে তা জানা ছিল না। আজকের সভায় সেটি জেনে উপকৃত হলাম।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে কোন তথ্য জানার জন্য দপ্তরের ওয়েবসাইটে ঢুকে সেবা নেওয়ার অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
বদরগঞ্জ, রংপুর।

তারিখ : ০৮/০৯/২০২২

স্মরণক নং ৩৩.০১.৮৫০৩.০০০.৬৭.০৪৭.২২.৩২৩

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর।

২। সংশ্লিষ্ট নথি